মুজিবনগরে আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক দিবস পালন

“সম্মিলিত কর্মের শক্তি: যদি সবাই করত”বিশ্বের জন্য ভাল পরিবর্তন এই প্রতিপাদ্যে মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে র্যালী ও আলোচনা সভার মধ্যদিয়ে পালিত হয়েছে আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক দিবস।

দিবসটি উপলক্ষে মঙ্গলবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিস চত্তর থেকে একটি র্যালী বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিন শেষে একই জায়গায় শেষ হয়ে গুডনেইবারর্স এর সেমিনার কক্ষে আলোচনা সভা অনু্ষ্ঠিত হয়।

সিডিপি ম্যানেজার বিভব দেওয়ান এর সভাপতিত্বে ইয়ুথ লীডার ও প্রতিবেশী যুব সংঘের সাধারণ সম্পাদক শামীম খান এর সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,মুজিবনগর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দিন।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, গুডনেইবারর্স এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ,সিডিপি মেডিকেল অফিসার ডা:শুভ কুমার মজুমদার, প্রতিবেশী যুব সংঘের সভাপতি ইস্তিয়াক হোসেন, এস, এস সাপোর্টার ও প্রতিবেশী যুব সংঘের সহ-সভাপতি, সজীব হোসেন।

আলোচনা সভায় সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের শুভেচ্ছা বক্তব্যের মধ্যদিয়ে দিবস উদযাপনের উদ্দেশ্য ও দিবসের তাৎপর্য শিশু অধিকার নিশ্চিতে যুবদের ভূমিকা (শিশুশ্রম প্রতিরোধ, বাল্যবিবাহ প্রতিরোধ, শিশু নির্যাতন প্রতিরোধ)।স্বেচ্ছাসেবক এবং স্বেচ্ছাসেবকতা কি,দিবসের প্রতিপাদ্য নিয়ে শেয়ারিং বক্তব্য রাখেন অতিথি বৃন্দ।

আলোচনা সভা শেষে সেচ্ছাসেবকদের মধ্য উন্মুক্ত আলোচনা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। এ সময় গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সেচ্ছাসেবকবৃন্দ উপস্হিত ছিলেন।

মুজিবনগরে বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল সচেতনতা সপ্তাহ উদযাপনে অবহিতকরণ সভা

মুজিবনগরে বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স সচেতনতা সপ্তাহ উদযাপনে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার সময় এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স কন্টেইনমেন্ট, ভাইরাল হেপাটাইটিস ও ডায়রিয়া নিয়ন্ত্রণ কর্মসূচী রোগ নিয়ন্ত্রণ বিভাগ, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর আয়োজনে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডঃ আসাদুজ্জামান এর অফিস কক্ষে এই অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

অবহিতকরণ সভায় ডাক্তার আসাদুজ্জামানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডঃ তৌফিক আহমেদ,ডা: আবু সাঈদ, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারি প্রকৌশলী বাদশা বুলবুল, সাংবাদিক শেখ শফিউদ্দিন, সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর নার্সেস সুপারভাইজার সুশীলা মন্ডল, পাপিয়া খাতুন,সিনিয়র স্টাফ নার্স শাম্মী আক্তার ও রুপালী মন্ডল।

অবহিতকরণ সভায় এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া এবং এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধে করণীয় সম্পর্কে আলোচনা করেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, আবাসিক মেডিকেল অফিসার ডা: তৌফিক আহমেদ উপজেলা সংক্রমণ রোগ নিয়ন্ত্রণ বিভাগের প্রধান ডা: আবু সাঈদ

এ সময় এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া, সকলের সহযোগিতার মাধ্যমে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধ, প্রতিকার অপেক্ষা প্রতিরোধ উত্তম, এন্টিবায়োটিক রেজিস্ট্যান্স প্রতিরোধে সকলেই অংশীদার,এন্টিবায়োটিক রেজিস্ট্যান্স এর ক্ষতিকর প্রভাব,এন্টিবায়োটিক রেজিস্ট্যান্ট জীবাণু তৈরির কারণ।

এ্যান্টবায়োটিক ও এন্টিমাইক্রোবিয়াল এন্টিবায়োটিক সম্পর্কে আলোকচকরা বলেন, এ্যান্টবায়োটিক ও এন্টিমাইক্রোবিয়াল এন্টিবায়োটিকঃ এক প্রকার অণুজীব থেকে উৎপন্ন হয়ে অন্য প্রকার অণুজীবের মৃত্যু ঘটায় বা বৃদ্ধি বন্ধ করে। ব্যাকটেরিয়ার বেলায় এর ব্যবহার হয়।

এন্টিমাইক্রোবিয়ালঃসকল প্রকার রোগ জীবাণু যথা- ব্যাকটেরিয়া, ভাইরাস, ফাংগাস এবং এক কোষী প্রোটোজোয়া (আমাশয়ের জীবাণু, ম্যালেরিয়া ও কালাজ্বরের পরজীবী) এর বিরুদ্ধে ব্যবহৃত ঔষধ।

এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া এবং সকলের সহযোগিতার মাধ্যমে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধ করা সম্ভব।

মুজিবনগরে পেঁয়াজের বীজ উৎপাদনের লক্ষ্যে উপকরণ বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি পিএসকেএসের উদ্দ্যোগে মুজিবনগরে পেঁয়াজের বীজ উৎপাদনের লক্ষ্যে উপকরণ বিতরণ অনুষ্টান অনুষ্ঠিত হয়েছে।

আাজ সোমবার (২৭ নভেম্বর) পিএসকেএসের মুজিবনগর শাখা সংস্থার সমন্বিত কৃষি ইউনিট ও কৃষি খাতের আওতায়, পেঁয়াজ বীজ উৎপাদন ও পেঁয়াজ চাষ সম্প্রসারণ প্রদর্শনীর আওতায় ১০ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়।

এ সময় পেঁয়াজ বাল্ব ৫০০ কেজি, ইউরিয়া সার ৫০০ কেজি, ডিএপি সার ৫০০ কেজি, এমওপি সার ৫০০ কেজি, ও প্রয়োজনীয় বালাইনাশকসহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন মুজিবনগর শাখার শাখা ব্যবস্থাপক এবং শাখার কর্মকর্তা ও কর্মচারীসহ সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন।

মুজিবনগরে ট্রলি চাপায় পিষ্ট হয়ে প্রাণ হারালেন কৃষক

মেহেরপুরের মুজিবনগরে শ্যালো ইঞ্জিন চালিত অবৈধ ট্রলির চাকায় পিষ্ট হয়ে ওয়াজেদ আলী (৬০) নামের এক কৃষক নিহত হয়েছেন।

রবিবার সকাল সাড়ে ১১ টার দিকে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। নিহত ওয়াজেদ আলী মুজিবনগর উপজেলার দারিয়াপুর পুকুর পাড়ার মৃত আবদুল্লাহ’র ছেলে। ট্রলিচালক আজিজুলও একই গ্রামের বাসিন্দা।

স্থানীয়রা জানান, দারিয়াপুর বিজিবি ক্যাম্প সড়কে কৃষক ওয়াজেদ নিজের জমি ধান মাড়াই শেষে সড়কে তুলছিলেন। এসময় পেছন দিক তারই প্রতিবেশী আজিজুল ইসলাম ট্রলি নিয়ে তার জমিতে যাচ্ছিলেন। ট্রলিচালক নিয়ন্ত্রণ হারালে ট্রলিটি ওয়াজেদকে ধাক্কা দেয়। এতে সড়কে ছিটকে পড়ে গুরতর জখম হন ওয়াজেদ। তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক নাজমুস সাকিব তাকে মৃত ঘোষনা করেন।

চিকিৎসক নাজমুস সাকিব বলেন, তিনি মাথায় আঘাত প্রাপ্ত হয়েছিলেন। অতিরিক্ত রক্তক্ষরণের কারণে হাসপাতালে পৌছানোর আগেই তিনি মারা গেছেন।
মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বলেন, এ ঘটনা শুনেছি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগরে পার্টনার স্কুলের ম্যানেজিং কমিটির সাথে

মতবিনিময় সভা

মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর পার্টনার মাধ্যমিক স্কুলের ম্যানেজিং কমিটির সাথে মতবিনিময় সভা করেছে গুডনেইবারর্স।

আজ বৃহস্পতিবার বিকেলে গুডনেইবার্স‘র বল্লভপুর প্রজেক্ট অফিস চত্তরে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি‘র ম্যানেজার বিভোব দেওয়ানের সভাপতিত্বে এবং সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদের সঞ্চালনায় মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম,বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত সহকারী প্রধান শিক্ষক আব্দুল হাই।

ম্যানেজিং কমিটির কার্যক্রম, অংগ্রহনকারী স্কুলের গুলোর ম্যানেজিং কমিটির বর্তমান কার্যক্রম, শিক্ষার্থীদের উপস্থিতি এবং পরীক্ষায় পাসের হার কীভাবে বাড়ানো যায়।

এসএমসি ভূমিকা, দায়িত্ব এবং উন্নতির ক্ষেত্রে কিকি পদক্ষেপ গ্রহণ করা উচিত এ সম্পর্কে আলোচনা করেন, অনুষ্ঠানের প্রধান অতিথি,বিশেষ অতিথি এবং গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম, আনন্দবাস নিয়া মনসুর একাডেমির সহকারী শিক্ষক রাসেল উদ্দীন।

মতবিনিময় সভার শুরুতে প্রোগ্রামের উদ্দেশ্য শেয়ার করেন মতবিনিময় সভার সভাপতি বিভোব দেওয়ান। উন্মুক্ত আলোচনা এবং শেষে সভাপতির অনুপ্রেরণামূলক এবং সমাপনী বক্তৃতার মধ্যদিয়ে মতবিনিময় সভার সমাপ্তি হয়।

মতবিনিময় সভায় মেহেরপুর সিডিপির ১০ টি পার্টনার স্কুলের ১০ জন শিক্ষক এবং ২০ জন ম্যানেজিং কমিটির সদস্য অংশগ্রহন করেন।

মুজিবনগরে গুডনেইবারর্সের স্পেশাল হেলথ ক্যাম্পেইন

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি‘র আয়োজনে, স্পেশাল হেলথ ক্যাম্পেইন মেডিসিন (ডায়াবেটিস) এবং ব্লাড সুগার চেকআপ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল থেকে দুপুর পর্যন্ত গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি‘র বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে এই ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

ক্যাম্পেইনে ডায়াবেটিস আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেন মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডা: তৌফিক আহমেদ।

এছাড়াও ক্যাম্পেইনে রোগীদের ব্লাড সুগার চেকআপ করেন কেয়ার ডায়াগনস্টিক সেন্টার এর মেডিকেল টেকনিশিয়ানরা।

এ সময় উপস্থিত ছিলেন গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর মেডিকেল অফিসার ডা: শুভ কুমার মজুমদার এবং হেলথ অফিসার আহসানুল হক।
স্পেশাল হেলথ ক্যাম্পেইনে ১২০ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়।

অধ্যক্ষের যোগসাজশে বিধি লঙ্ঘনকারী দুই শিক্ষক স্বপদে বহাল

সরকারি নীতিমালা অমান্য করে দুই শিক্ষক চাকরি করে যাচ্ছেন মানিক ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসায়। একজন হচ্ছেন জেলা জামায়াতের আমির ও মাদ্রাসার মৌলভী শিক্ষক তাজউদ্দিন খান, যিনি শিক্ষকতার পাশাপাশি মেহেরপুর জেলা জামায়াতের দায়িত্ব পালন করছে। অপরজন লাইব্রেরিয়ান

খালিদ হাসান, জাল সনদে চাকরি করছেন। জাল সনদ ধরা পড়ার পরেও এক বছর বহাল তবিয়তে চাকরি করেছেন, বর্তমানে বিদেশে থেকেও চাকরি করছেন। মাদ্রাসা কর্তৃপক্ষ বলছে মানবিক দৃষ্টিকোণ থেকে তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়নি।

মৌলবি শিক্ষক তাজউদ্দিন খানের বিরুদ্ধে বিস্ফোরক দ্রব্য আইনে একাধিক মামলা সহ মোট নয়টি মামলা চলমান। প্রতি মাসে শ্রেণিকক্ষে অনুপস্থিত থেকে কোর্টে হাজিরা দিন ১৫ থেকে ১৬ দিন। গত বছরের ৭ এপ্রিল থেকে ২৩ মে পর্যন্ত কারাগারে হাজত বাসের কারণে ওই দুই মাস অনুপস্থিত থাকলেও তাকে বরখাস্ত করা হয়নি, এমনকি বেতনও কাটা হয়নি।

এদিকে, জাল সনদ দিয়ে চাকরি বিষয়টি প্রমাণিত হলে বেতন না পেলেও মাঝে মাঝে মাদ্রাসায় যেতেন খালিদ হাসান। পরে চলে যান বিদেশে। তবুও মাদ্রাসা কর্তৃপক্ষ তাকে চাকরিচ্যুত করতে পারেননি। অভিযোগ রয়েছে মোটা অঙেÍর অর্থের বিনিয়ময়ে তিনি ওই চাকরিটি পেয়েছিলেন, তাই মাদ্রাসার অধ্যক্ষ তাকে চাকরিচ্যুৎ করতে পারেননি। জাল সনদে চাকরি পাওয়া খালিদ হাসান মেহেরপুরের মুজিবনগর উপজেলার মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার লাইব্রেরীয়ান পদে যোগদান করেছিলেন ২০২০ সালের ৩১ ডিসেম্বর। খালিদ হাসান মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের আবু তালেবের ছেলে।

মাদ্রাসা সূত্রে জানা গেছে, ২০২০ সালের ৩০ ডিসেম্বর মাদ্রাসায় লাইব্রেরিয়া পদে নিয়োগ পেয়ে পরদিন তিনি মাদ্রাসায় যোগদান করেন। যোগদানের পর বেতনের জন্য মাদ্রাসা বোর্ডের মহাপরিচালকের কাছে আবেদন করেছিলে। সেখানে তার সনদ যাচাই ব্ছাাই করে তারা জাল বলে সনাক্ত করেন। এর পর থেকে তিনি মাঝে মাঝে মাদ্রাসায় যেতেন। মাস দুয়েক আগে তিনি মালয়েশিয়ায় গিয়েছেন বলে জানা গেছে।
দিনের পর দিন অনুপস্থিত থাকলেও মাদ্রাসা কর্তৃপক্ষ তাকে চাকরিচুৎ করেনি এমনকি তাকে বরখাস্তও করেননি।

নাম প্রকাশ না করা শর্তে এলাকাবাসী ও মাদ্রাসা শিক্ষকদের কয়েকজন জানান অধ্যক্ষ ও পূর্বের ম্যানেজিং কমিটির যোগসাজশে মোটা অংকের অর্থের বিনিময়ে খালিদ হাসানের নিয়োগ হওয়াতে বর্তমান কমিটি তাকে চাকরিচুৎ করছে না।

মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ আসাদুল্লাহ আল গালিব বলেন, পূর্বের কমিটি তাকে নিয়োগ দেওয়ায় বর্তমান কমিটি তার নিয়োগ বাতিল করার ঝামেলা নিচ্ছে না। অধ্যক্ষ বলেন, বিষয়টি তারা

মানবিকভাবে দেখছেন। ইতিপূর্বে কারাগারে আটক থাকার কারণে তাকে দুইবার সাময়িত বরখাস্ত করা হয়েছিল। গত বছর তিনি দুই মাস আটক থাকলেও সে সময় তাকে বরখাস্ত করা হয়নি বলে স্বীকার করেননি। কেন করা হয়নি প্রশ্নের উত্তরে তিনি চুপ ছিলেন।

মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি রফিকুল ইসলাম তোতা বলেন, ‘মোটা অংকের টাকার লেনদেনে খালিদ হাসানের নিয়োগের কথাটি আমি শুনেছি। তবে ঘটনাটি আগের কমিটির সময়ে ঘটাতে বিষয়টি সম্পর্কে আমি সম্পূর্ণ ওয়াকিবহল নয়। বর্তমানে খালিদ হাসান দেশে নেই, তার চাকরি বহাল আছে কিনা সেটা আমার সঠিক জানা নেই। মাদ্রাসার অধ্যক্ষ ও কমিটির অন্যান্য সদস্যদের সাথে কথা বলে ব্যবস্থা নেয়ার বিষয়টি আমি জানাবো। ‘

মৌলভী তাজউদ্দিন খানের ব্যাপারে রফিকুল ইসলাম তোতা বলেন, ‘তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। তাকে সাসপেন্ড করা হবে। তবে গত বছর যখন তিনি আটক হয়েছিলেন তখন তাকে সাসপেন্ড করা হয়নি। আমি ম্যানেজিং কমিটির প্রধান হিসেবে দায়িত্ব নিয়েছি মাত্র কয়েকদিন আগে, এখনো এক বছর পূর্ণ হয়নি।

এ ব্যাপারে মন্তব্য জানতে জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিনকে ফোনে পাওয়া যায়নি।

মুজিবনগরে নানা আয়োজনে বিশ্ব শিশু দিবস পালন

“প্রতিটি শিশুর জন্য, প্রতিটি অধিকার “এই প্রতিপাদ্য মুজিবনগরে পালিত হয়েছে বিশ্ব শিশু দিবস। গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি’র আয়োজনে দিবসটি পালন উপলক্ষে আজ সোমবার বিকেলে গুডনেইবারর্স বল্লভপুর প্রজেক্ট অফিস থেকে একটি র্যালী বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে অফিস চত্তরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিভোব দেওয়ানের সভাপতিত্বে এবং সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদের

সঞ্চালনায় আলোচনা সভায় অতিথি হিসাবে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক,গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর মেডিক্যাল অফিসার ডা:শুভ কুমার মজুমদার,সু-প্রতিবেশি মহিলা সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন।

উপস্হিত ছিলেন, স্পন্সর শিশু ও তাদের মায়েরা এবং কমিউনিটির শিশু ও মায়েরা। বিশ্ব শিশু দিবসে, শিশুর অধিকার, বাল্যবিবাহের কুফল, শিশু শ্রম বন্ধে করণীয়, শিশুদের সুন্দর ও সুস্থভাবে গড়ে ওঠার জন্য পিতা-মাতার দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন আমন্ত্রীত অতিথিবৃন্দ।

মুজিবনগরে ঢেউটিন ও চেক বিতরণ

মুজিবনগরে প্রধানমন্ত্রীর ত্রান তহবিল এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বিশেষ বরাদ্দ থেকে অগ্নিকান্ডে এবং বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে দুর্যোগ ব্যাবস্হাপনা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ঢেউটিন ও চেক বিতরণ করা হয়েছে।

আজ বুধবার সকালে উপজেলা পরিষদ ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের আয়োজনে ঢেউটিন ও চেক বিতরণ উপলক্ষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে হত দরিদ্র উপকারভোগীদের নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দীন, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন পরিষদে ৬ নং ওয়ার্ড সদস্য ও পেনেল চেয়ারম্যান বাবুল মল্লিক।

আলোচনা সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন পক্ষ থেকে হতদরিদ্র মানুষের জন্য যে সমস্ত সাহায্য ও সহযোগিতা করা হচ্ছে সেসব বিষয়ে তুলে ধরা হয়।

আলোচনা সভা শেষে ১১৭ জন হতদরিদ্রদের মাঝে ১১৯ বান্ডিল ঢেউটিন এবং বান্ডিল প্রতি ৩ হাজার টাকা করে ৩ লক্ষ ৫৭ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

মুজিবনগরে ওরিয়েন্টেশন ও জেন্ডার সেন্সিটাইজেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত

স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP), অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ এর আয়োজনে সামাজিক প্রচার কর্মসূচির আওতায় মুজিবনগরে উপজেলা পর্যায়ে দক্ষতা উন্নয়ন ওরিয়েন্টেশন ও জেন্ডার সেন্সিটাইজেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার সময় উপজেলা প্রশাসন, মুজিবনগর ও SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের আয়োজনে,উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস এর সভাপতিত্বে দক্ষতা উন্নয়ন ওরিয়েন্টেশন ও জেন্ডার সেন্সিটাইজেশন ওয়ার্কশপে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন অর্থ মন্ত্রণালয় অর্থ বিভাগের SEIP প্রকল্পের সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (উপসচিব) ভূঁঞা মোহাম্মদ রেজাউর রহমান ছিদ্দিকি।

এ ছাড়াও উপস্হিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত, ভিজুয়াল কমিউনিকেশন লিমিটেড এর ওয়ার্কশপ ফ্যাসিলিটেটর জাহাঙ্গীর আলম বর্ণমালা কমিউনিকেশন লিমিটেডের কনসালটেন্ট জিল্লুর রহমান।

এছাড়া উপস্থিত ছিলেন উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী জনপ্রতিনিধি সাংবাদিক ও সুধীজন।